

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৩৮০

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩৮. মাটিতে পেশাব লাগলে

باب الأرض يُصِيبُهَا الْبَوْلُ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَمْرٍو بْنِ السَّرْحِ، وَابْنُ، عَبْدَةُ - فِي آخِرِينَ وَهَذَا لَفْظُ ابْنِ عَبْدِ - أَخْبَرَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ أَعْرَابِيًّا، دَخَلَ الْمَسْجِدَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسٌ فَصَلَّى - قَالَ ابْنُ عَبْدِ : رَكَعَتَيْنِ ثُمَّ قَالَ اللَّهُمَّ ارْحَمْنِي وَمُحَمَّدًا وَلَا تَرْحَمْ مَعَنَا أَحَدًا . فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " لَقَدْ تَحَجَّرَتْ وَاسِعًا " . ثُمَّ لَمْ يَلْبَثْ أَنْ بَالَ فِي نَاحِيَةِ الْمَسْجِدِ فَأَسْرَعَ النَّاسُ إِلَيْهِ فَنَهَاهُمْ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ : " إِنَّمَا بُعِثْتُمْ مُيَسَّرِينَ وَلَمْ تُبْعَثُوا مُعَسِّرِينَ صَبُّوا عَلَيْهِ سَجَلًا مِنْ مَاءٍ " . أَوْ قَالَ " ذُنُوبًا مِنْ مَاءٍ " .

- صحيح : خ

বাংলা

৩৮০। আবু হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে বসা ছিলেন এমন সময় এক বেদুঈন মসজিদে প্রবেশ করে দু' রাকআত সালাত আদায় করল। অতঃপর দু'আ করল, হে আল্লাহ! দয়া করো আমার প্রতি ও মুহাম্মাদের প্রতি এবং আমাদের সাথে অন্য কারো প্রতি দয়া করো না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি ব্যাপককে সীমিত করে দিলে। কিছুক্ষণ পর ঐ লোকটি মসজিদের এক কোণে পেশাব করে দিল। লোকেরা (তাকে শায়েস্তা করার জন্য) দ্রুত তার দিকে এগুচ্ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিষেধ করে বললেনঃ তোমাদেরকে মানুষের প্রতি সহজ ও কোমল আচরণকারী হিসেবে পাঠানো হয়েছে, রক্ষ ও কঠোর আচরণকারী হিসেবে নয়। তোমরা এর (পেশাবের) উপর এক বালতি পানি ঢেলে দাও।[1]

সহীহ : বুখারী।

English

Abu Hurairah reported:

A bedouin entered the mosque while the Messenger of Allah (ﷺ) was sitting. He offered two rak'ahs of prayer, according to the version of Ibn 'Abdah. He then said: O Allah, have mercy on me and on Muhammad and do not have mercy on anyone along with us. The Prophet (ﷺ) said: You have narrowed down (a thing) that was broader. After a short while he passed a water in the corner of the mosque. The people rushed towards him. The Prophet (ﷺ) prevented them and said: You have been sent to facilitate and not create difficulties. Pour a bucket of water upon it.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উযু, অনুঃ মসজিদে পেশাবের উপর পানি ঢেলে দেয়া, হাঃ ২২০), তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ জমিনে পেশাব লাগলে করণীয়, হাঃ ১৪৭), নাসায়ী (অধ্যায়ঃ সাহু, অনুঃ সালাতে কথা বলা, হাঃ ১২১৫, ১২১৬) সংক্ষেপে এ পর্যন্তঃ “তুমি প্রশস্ত বিষয়কে সংকীর্ণ করে দিলে।”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57698>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন